

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.০৪২.০১১.০৫.০০.০০৫.২০১৪. ১৬০৬

তারিখ: ১৫ শ্রাবণ ১৪২৪ বঙ্গাব্দ
৩০ জুলাই ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ পিরোজপুর জেলা পরিষদে সাংগঠিক কাঠামো বহির্ভূত শূন্য পদে লোক নিয়োগের ছাড়পত্র প্রদান।


সূত্রঃ পিরোজপুর জেলা পরিষদের স্মারক নং-৪৬.১০.৭৯০০.০০০.০৩.০৩৩.১৭.১৬৫(২), তারিখঃ ২৫/৫/২০১৭।

পিরোজপুর জেলা পরিষদের মালিকানাধীন নিম্নোক্ত ৩টি ডাকবাংলো পরিষ্কার-পরিচ্ছন্ন রাখার স্বার্থে সাংগঠনিক কাঠামো বহির্ভূত দৈনিক মজুরী ভিত্তিতে ১জন করে মোট ৩ জন পরিচ্ছন্নতা কর্মী নিয়োগের জন্য নিম্নবর্ণিত শর্তে নির্দেশক্রমে ছাড়পত্র প্রদান করা হলো :

ক্র:নং	উপজেলার নাম	ডাকবাংলোর নাম
১.	নাজিরপুর	মাটিভাঙ্গা ডাকবাংলো
২.	নেছারাবাদ	পশ্চিম সোহাগদল ডাকবাংলো
৩.	মঠবাড়িয়া	তুষখালী ডাকবাংলো

শর্তসমূহ :

- ১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে (দৈনিক মজুরী ভিত্তিতে) এ নিয়োগ করতে হবে।
- ২) এ নিয়োগের সাথে নিয়মিত নিয়োগের কোন সম্পর্ক থাকবে না এবং নিয়োজিত কর্মচারী নিয়মিত নিয়োগের জন্য দাবী করতে পারবেনা।
- ৩) জেলা পরিষদ প্রয়োজনে কোন কারণ দর্শানো ব্যতিরেকে এ নিয়োগ বাতিল করতে পারবে।
- ৪) দৈনিক হাজিরা তথা প্রকৃত কর্ম সম্পাদনের ভিত্তিতে পারিশ্রমিক প্রদান করা হবে। কাজে অনুপস্থিত থাকলে কোন মজুরী দেয়া যাবে না।
- ৫) এই ছাড়পত্রের মেয়াদ পত্র জারীর তারিখ হতে ৬ মাস পর্যন্ত বলবৎ থাকবে।


(জুবাইদা নাসরিন)
উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, পিরোজপুর।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, পিরোজপুর।
- ৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।